

বর্ষ ১, সংখ্যা ৩৬ | ১৫ জুন ২০২০

## কিশোরীদের প্রজনন স্বাস্থ্য সুরক্ষার ব্যতিক্রমী উদ্যোগ



করোনাভাইরাস আক্রমণের ফলে দেশে বিদ্যমান অবস্থায় অধিকাংশ পরিবার কর্মহীন হয়ে পড়েছে। রাজশাহীর বিভিন্ন এলাকায় খোঁজ নিয়ে জানা যায় যে, শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত আদিবাসী পল্লীর অনেক দরিদ্র পরিবার উপার্জনহীন হয়ে পড়ার কারণে কিশোরী মেয়েদের প্রজনন স্বাস্থ্য সুরক্ষা সামগ্রীর ক্রয়ক্ষমতা হারিয়েছে। কিশোরী মেয়েদের এই দুর্ঘোষণাপূর্ণ সময়ে প্রজনন স্বাস্থ্য সুরক্ষা যেনো বিঘ্নিত না হয়, সেজন্য রাজশাহীর মিশন আদিবাসী পল্লীতে ইয়ুথ এন্ডিং হাঙ্গারের স্বেচ্ছাসেবী ইয়ুথ লিডাররা প্রয়োজনীয় সামগ্রী পৌঁছে দেওয়ার উদ্যোগ গ্রহণ করে।



পাশাপাশি সেই এলাকায় করোনা মোকাবেলায় ভূমিকা পালনকারী ব্যক্তিদেরকে উপহার হিসেবে হ্যান্ড স্যানিটাইজার প্রদান করা হয়। এছাড়াও তাদের উদ্যোগে এলাকায় এবং তার আশেপাশে করোনাভাইরাস বিষয়ে সচেতনতা তৈরিতে প্রচারপত্র বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

## করোনা প্রতিরোধে স্থানীয় উদ্যোগ

খুলনা জেলার ডুমুরিয়া উপজেলায় ইয়ুথ এন্ডিং হাঙ্গারের ইয়ুথ লিডারদের উদ্যোগে করোনাভাইরাস বিষয়ে সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গত ১১ জুন শারীরিক দূরত্ব বজায় রেখে স্থানীয় চৌদ্দজন গণ্যমান্য ব্যক্তিকে নিয়ে খর্ণিয়ার আঙ্গার দহা গ্রামে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।



করোনাভাইরাস মোকাবেলায় গ্রামীণ জনগোষ্ঠীকে সচেতন ও সার্বিক সহায়তা দেওয়া, পতিত জমিতে বৃক্ষরোপণ ও কৃষককে বেশি বেশি খাদ্যশস্য চাষে উদ্বুদ্ধকরণ, গ্রামে নিয়মিত জীবাণুনাশক ছিটানো, মাইকিং, জনসাধারণকে মাস্ক ব্যবহারে উদ্বুদ্ধ করা, অতিদরিদ্রদের তালিকা তৈরিতে ইউনিয়ন পরিষদকে সহায়তা করা ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভা পরিচালনা করেন তপন দাশ।

সভা শেষে সকলকে স্বাস্থ্যবিধি অনুসারে হাত ধোয়ার কৌশল শেখানো হয়। কার্যক্রমটি বাস্তবায়নে বিশেষ ভূমিকা রাখেন রতন দাশ, নাজমা বেগম, জাকিরুল ইসলাম প্রমুখ।

## করোনা প্রতিরোধে লড়ছেন লিখন!



রংপুরের গঙ্গাচড়া উপজেলার নোহালী ইউনিয়নে করোনাসহিষ্ণু গ্রাম নিশ্চিতকরণে ইয়ুথ লিডার লিখন নিজের টাকায় ২৫ জনকে হাতধোয়ার সাবান বিতরণ করেছেন। নোহালীর ‘পূর্বকচুয়া বসুনিয়াপাড়া গ্রাম উন্নয়ন দল’ এর সদস্য মোঃ মোর্শেদুজ্জমান লিখন নিজের হাতখরচের ৩০০ টাকা বাঁচিয়ে ১৪ মে পাড়ার ২৫ জনকে সামাজিক দূরত্বে উপস্থিত করে সঠিকভাবে হাতধোয়ার কৌশল শেখান। এদেরকে স্বাস্থ্যবিধি বিষয়ক প্রচারপত্র পাঠ করে শোনান এবং তাদের পরিবারের সকলকে হাতধোয়ার প্রক্রিয়া অনুশীলনের জন্য প্রত্যেককে একটি করে সাবান দিয়ে উৎসাহিত করেন। এর পাশাপাশি



তিনি এলাকায় করোনা ভাইরাস থেকে বাঁচতে সচেতনতা তৈরির জন্য প্রতিনিয়তই সকলের মাঝে প্রচারপত্র বিতরণ করছেন এবং সকলকে পড়ে শোনানোর মাধ্যমে তাদের মধ্যে বিষয়টি অনুধাবন করানোর চেষ্টা করছেন। তিনি এলাকার অন্যদেরকেও এই প্রচারণার কাজে যুক্ত করেছেন।

### IDEA CONTEST

বিষয়- মহামারির অভিজ্ঞতা : কিভাবে করোনাসহিষ্ণু এলাকা পূজা সত্ত্বব ?

কুলাঙ্ক ১০০ শিল্পে রসে লেখা মাটির টানে ফিরে পড়ুন প্রকল্প

১ম স্থান

৫০০০০

২য় স্থান

৩০০০০

৩য় স্থান

২০০০০

১১ জুন ২০২০ এর মধ্যে বৈদ্যক জন আশ্রয় আইডিয়া | E-mail: yeh.bd@thp.org



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাহিমা আক্তার জলি  
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব  
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ  
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org  
yeh.thpbd.org | thpbd.org  
facebook.com/YEHBD

হেয়ার্ডিক হাউস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)  
ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।  
ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

